



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

জাতির পিতার আদর্শ ও দর্শনকে ধারণ করতে হবে

-স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ আগস্ট ২০২১।

অদম্য সাহস, প্রতিবাদী স্বভাৱ এবং আপোষহীনতা ছিলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। তিনি কোনদিন কোন অন্যায়ের সাথে আপোষ করেননি। তিনি আমাদেরকে দিয়েছেন স্বাধীন সার্বভৌম বাংলাদেশ, দিয়েছেন লাল-সবুজের পতাকা। বঙ্গবন্ধু আমাদের মুক্তির মহানায়ক। জাতির পিতার দেখানো দর্শনকে ধারণ করেই দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাই আমাদের পরবর্তী প্রজন্মের কাছে জাতির পিতার আদর্শ ও দর্শনকে তুলে ধরতে হবে এবং জাতির পিতার আদর্শে উজ্জীবিত হয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা, দারিদ্রমুক্ত ও অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে আত্মনিয়োগ করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় আয়োজিত ওয়েবিনারে এ কথা বলেন প্রধান অতিথি বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী। ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে বিকাল ৪টায় এ ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। ওয়েবিনারে আরও বক্তব্য রাখেন ববি শিক্ষক সমিতির সভাপতি, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মোঃ আরিফ হোসেন, আইন বিভাগের সহকারী অধ্যাপক ক্যামেলিয়া খান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সহকারী রেজিস্ট্রার বাহাউদ্দীন গোলাপ। ওয়েবিনারে যুক্ত ছিলেন বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্যসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, বিভিন্ন হলের প্রভোস্ট, প্রক্টর, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, দপ্তর প্রধানগণ, কর্মকর্তা-কর্মচারী এবং বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতৃবৃন্দ। ওয়েবিনারটি সম্বলনা করেন ববি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, টিএসসির পরিচালক ড. মোঃ খোরশেদ আলম। ওয়েবিনার শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় আয়োজিত “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” শীর্ষক কুইজ প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করা হয়। এতে ১০ জনকে পুরস্কৃত করা হয়। এর মধ্যে প্রথম তিনজন হলেন আইন বিভাগের শিক্ষার্থী মৌ মন্ডল, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী শাওনুর রহমান এবং লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থী মোসাঃ রিমা আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস